REGIONAL NEWS UNIT

**ALL INDIA RADIO, AGARTALA**
**Date:30-05–2024**
**Time: 07.35–07.40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

**Last day of campaign:**

অষ্টাদশ লোকসভা নির্বাচনের সপ্তম তথা চুড়ান্ত পর্বের প্রচারের আজ শেষ দিন। রাজনৈতিক দলের নেতারা বিভিন্ন জনসভা ও রোড শো করছেন। এই পর্বে ৭ টি রাজ্য ও একটি কেন্দ্র শাষিত অঞ্চলের ৫৭ টি সংসদীয় আসনে ভোট হবে পয়লা জুন। এই পর্বে মোট ৯০৪ জন প্রার্থী প্রতিদ্বন্দ্বিতা করছেন। ভোট গননা হবে চৌঠা জুন।

***************

**C.E.O visit-Sepahijala:**

নির্বাচন কমিশনের নির্ঘন্ট অনুযায়ী আগামী চৌঠা জুন অষ্টাদশ লোকসভা নির্বাচনের ভোট গণনা। ভোট গণনার প্রস্তুতি খতিয়ে দেখতে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক পুনিত আগরওয়াল গতকাল সিপাহীজলা জেলার বিশালগড় ও সোনামুড়া মহকুমার স্ট্রং রুম ও কাউন্টিং হল পরিদর্শন করেছেন। তার সঙ্গে ছিলেন জেলার নির্বাচনী আধিকারিক তথা সিপাহীজলা জেলার জেলাশাসক নাগেশ কুমার বি, জেলার পুলিশ সুপার বি.জে রেড্ডি সহ জেলার অন্তর্গত ২টি মহকুমার ৭টি বিধানসভা কেন্দ্রের ARO-রা।

*************

**EC taken massive stride in ensuring inclusivity and accessibility:**

নির্বাচন কমিশন লোকসভা নির্বাচন 2024-এ অন্তর্ভুক্তি এবং অংশগ্রহণ নিশ্চিত করার বিষয়ে ব্যাপক পদক্ষেপ নিয়েছে যাতে কোনও যোগ্য ভোটার শারীরিক বা অন্যান্য বাধার কারণে তাদের ভোট দেওয়ার অধিকার থেকে বঞ্চিত না হয়। কমিশন বলেছে যে এখন পর্যন্ত, নির্বাচনের ছয় ধাপের সমাপ্তির পরে, দিব্যাঙ্গব্যাক্তি, প্রবীণ নাগরিক, ট্রান্সজেন্ডার এবং বিশেষ করে দুর্বল উপজাতি গোষ্ঠীর মতো বিভিন্ন বিভাগের ভোটারদের মধ্যে বিপুল উৎসাহ দেখা গেছে। কমিশন আরও জানিয়েছে যে ৮৫ বছরের বেশি বয়সী প্রবীণ নাগরিকদের এবং ৪০ শতাংশ বেঞ্চমার্ক অক্ষমতা সহ দিব্যাঙ্গ ব্যাক্তিদের জন্য বাড়িতে আরাম থেকে ভোট দেওয়ার সুবিধা এই নির্বাচনে সারা ভারতে প্রথমবারের মতো সম্প্রসারণ করা হয়েছিল।

*************

**AMC action :**

বর্ষায় আগরতলায় জল নিষ্কাসন ব্যবস্থা ঠিক রাখতে আইনত ব্যবস্থা গ্রহন করতে শুরু করেছে আগরতলা পুর নিগম। শহরের রাস্তা দখল করে নির্মাণ সামগ্রী রাখলে বাজেয়াপ্ত করতে শুরু করেছে পুর নিগমের টাস্ক ফোর্স। গতকাল নেতাজি চৌমুহনী এলাকায় অভিযানে রাস্তার পাশে রাখা নির্মাণ সামগ্রী বাজেয়াপ্ত করা হয়। পুর নিগমের টাস্ক ফোর্সের অফিসার তরুন সরকার জানান, নির্মাণ সামগ্রী নর্দমার পাশে রাখার ফলে বৃষ্টির জল আটকে যাচ্ছে। এদিন নর্দমার পাশে নির্মাণ সামগ্রী রাখার জন্য

একজনকে জরিমানা করা হয়েছে। আগামীদিনগুলিতে শহরের বিভিন্ন পথে এই অভিযান চলবে বলে জানান শ্রী সরকার।

************

**Rail & Road :**

দক্ষিণ আসামের পাহাড় লাইনে সম্প্রতি রেমালের প্রভাবে প্রবল বৃষ্টিপাতের ফলে আসামের হাফলং ও ডিটেকছড়ার মধ্যে রেল টানেলে জমে যাওয়া জল সরানো হয়েছে, রেল লাইন পরিষ্কার করা হয়েছে। এন এফ রেলওয়ের মুখ্য জন সংযোগ আধিকারীক সব্যসাচী দে গতকাল সন্ধ্যায় জানিয়েছেন, রেল লাইন ও টানেল পরিষ্কার হলেও বিস্তির্ণ এলাকায় নতুন করে বৃষ্টি হওয়ায় পাহাড় লাইনে বেশ কিছু এলাকায় জল জমেছে। তিনি জানান, নিউ হারাঙ্গাজাও ও বান্দারখাল ষ্টেশনের মাঝে একটি রেল সেতুর নিচে বয়ে যাওয়া নদীতে জল বিপদ সীমার উপর দিয়ে বইছে। নিরাপত্তার কারনেই এখনও ট্রেন পরিষেবা চালু করা যাচ্ছে না বলে তিনি জানান। তিনি জানান, এই রুটে আরও কিছু ট্রেন বাতিল করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

***********

**Manipur flood situation:**

মণিপুরে, বিভিন্ন জেলার নিচু আবাসিক এলাকাগুলি প্লাবিত হবার কারণে রাজ্যের স্বাভাবিক জন-জীবন প্রভাবিত হয়েছে। ঘূর্ণিঝড় রেমালের কারণে বঙ্গোপসাগরে তৈরি হওয়া প্রবল ঘূর্ণিঝড়ের কারণে গত সোমবার থেকে অবিরাম বৃষ্টিপাত হচ্ছে। ইম্ফল নদী, ইরিল নদী, বরাক নদীসহ মণিপুরের বেশিরভাগ নদীর জল বিপদসীমার ওপর দিয়ে প্রবাহিত হচ্ছে। বিভিন্ন স্থানে নদীর তীর ভাঙার ফলে ইম্ফল এলাকায় বাড়িঘর ও অন্যান্য নির্মাণ জলমগ্ন হয়েছে। রাজ্যের বিভিন্ন অংশ থেকে বিদ্যুৎ বিচ্ছিন্ন এবং দুর্বল

মোবাইল সংযোগের খবর পাওয়া গেছে। জেলা প্রশাসন থেকে যেকোনো সহায়তার জন্য হেল্পলাইন নম্বরগুলিও খোলা রয়েছে। সোমবার থেকে রাজ্যে ভারী বৃষ্টিপাতের কারণে জাতীয় মহাসড়ক 37 (ইম্ফল থেকে জিরিবাম রোড) এ কাদা ও ভূমিধসের সৃষ্টি হওয়ায় পরিবহন ব্যবস্থা প্রভাবিত হয়েছে।

**************

**help by legal volunteers :**

ঘূর্ণিঝড়ে ক্ষতিগ্রস্তদের আইনি সহযোগিতা করতে প্রভাবিত এলাকায় যাচ্ছেন রাজ্য আইনসেবা কর্তৃপক্ষের আইনি স্বেচ্ছাসেবকরা। আইনসেবার সদস্য সচিব ঝুমা দত্ত চৌধুরী গতকাল সন্ধ্যায় জানিয়েছেন, পশ্চিম জেলা এবং উত্তর জেলায় আইনি স্বেচ্ছাসেবকরা বৃষ্টির জলে আটকে থাকা অনেকের সহযোগিতা করেছেন। এছাড়া ঘূর্ণিঝড়ে ক্ষতিগ্রস্তদের আইনত অধিকার যাতে পান তার জন্য সহযোগিতা করছেন।

***********

**ফুটবল**:

আগামী ১৭ই জুন থেকে ত্রিপুরা ফুটবল এসোসিয়েশন পরিচালিত ঘরোয়া ফুটবল মরশুমের সূচনা হবে। এবার তৃতীয় ডিভিশন লিগ ফুটবল প্রতিযোগিতা দিয়ে মরশুম শুরু করবে টিএফএ। গত সন্ধ্যায় টিএফএ অফিসে এক বৈঠকে এই সিদ্ধান্ত নেয়া হয়। একদিন পরে ১৮ জুন থেকে মহিলাদের ফুটবলের আসরও শুরু করতে চলেছে ফুটবল সংস্থা। আগামী ৮ জুনের মধ্যে টিএফএ অনুমোদিত ক্লাবগুলিকে এন্ট্রি জমা দিতে বলা হয়েছে। টিএফএ সচিব অমিত চৌধুরী জানান ওই দুই আসরের ম্যাচগুলি উমাকান্ত

মিনি স্টেডিয়ামে হবে। উল্লেখ্য, তৃতীয় ডিভিশন ফুটবলের আসরে এবার মোট ১৮টি ক্লাব রয়েছে।

***********

**প্যারা সুইমার** :

সিঙ্গাপুরে আন্তর্জাতিক প্রতিবন্ধী সাঁতার প্রতিযোগিতায় রাজ্য দুই সফল প্যারা সুইমার বিনিত রায় ও সমীর বর্মনকে শুভেচ্ছা জানালেন মুখ্যমন্ত্রী প্রফেসার ডা. মানিক সাহা। গতকাল সরকারি বাসভবনে দুই প্যারা সুইমারের সাথে কোচ দীপক দাসকেও তিনি শুভেচ্ছা জানিয়েছেন। উল্লেখ ওই আসরে বিনিত রায় ব্রোঞ্জ পদক পেয়েছেন।

************

**WEATHER** :

আবহাওয়া দপ্তর থেকে জানানো হয়, আজ দুপুর পর্যন্ত আকাশ সাধারণত মেঘলা থাকবে । আগরতলায় আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৮.১. ডিগ্রী সেলসিয়াস । দিনের সর্বোচ্চ তাপমাত্রা থাকবে ৩৫ ডিগ্রির কাছাকাছি ।

*************

**********

*************

Last day of campaign:

অষ্টাদশ লোকসভা নির্বাচনের সপ্তম তথা চুড়ান্ত পর্বের প্রচারের আজ শেষ দিন। রাজনৈতিক দলের নেতারা বিভিন্ন জনসভা ও রোড শো করছেন।

এই পর্বে ৭ টি রাজ্য ও একটি কেন্দ্র শাষিত অঞ্চলের ৫৭ টি সংসদীয় আসনে ভোট হবে পয়লা জুন। এই পর্বে মোট ৯০৪ জন প্রার্থী প্রতিদ্বন্দ্বিতা করছেন। ভোট গননা হবে চৌঠা জুন। প্রধানমন্ত্রী তথা বরিষ্ঠ বি জে পি নেতা নরেন্দ্র মোদী গতকাল ময়ূরভঞ্জ, বালাসোর, ও কেন্দ্রাপাড়া লোকসভা কেন্দ্রে জনসভায় করেন। কংগ্রেস অধ্যক্ষ মল্লিকার্জুন গড়ে বালাসোরে জনসভায় ভাষন দেন। কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী তথা বরিষ্ঠ বিজেপি নেতা অমিত শাহ গতকাল উত্তরপ্রদেশে চারটি রেলী এবং একটি রোড

শো তে অংশ নেন। সমাজবাদী পার্টির প্রধান অখিলেশ যাদব রবার্টগঞ্জ এবং মির্জাপুর লোকসভা কেন্দ্রে জনসভায় ভাষন দেন।

**Rail & Road :**

দক্ষিণ আসামের পাহাড় লাইনে সম্প্রতি রেমালের প্রভাবে প্রবল বৃষ্টিপাতের ফলে আসামের হাফলং ও ডিটেকছড়ার মধ্যে রেল টানেলে জমে যাওয়া জল সরানো হয়েছে, রেল লাইন পরিষ্কার করা হয়েছে। এন এফ রেলওয়ের মুখ্য জন সংযোগ আধিকারীক সব্যসাচী দে গতকাল সন্ধ্যায় জানিয়েছেন, রেল লাইন ও টানেল পরিষ্কার হলেও বিস্তির্ণ এলাকায় নতুন করে বৃষ্টি হওয়ায় পাহাড় লাইনে বেশ কিছু এলাকায় জল জমেছে। তিনি জানান, নিউ হারাঙ্গাজাও ও বান্দারখাল ষ্টেশনের মাঝে একটি রেল সেতুর নিচে বয়ে যাওয়া নদীতে জল বিপদ সীমার উপর দিয়ে বইছে। নিরাপত্তার কারনেই এখনও ট্রেন পরিষেবা চালু করা যাচ্ছে না বলে তিনি জানান। তিনি জানান, এই রুটে আরও কিছু ট্রেন বাতিল করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

**C.E.O visit-Sepahijala:**

নির্বাচন কমিশনের নির্ঘন্ট অনুযায়ী আগামী চৌঠা জুন অষ্টাদশ লোকসভা নির্বাচনের ভোট গণনা। ভোট গণনার প্রস্তুতি খতিয়ে দেখতে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক পুনিত আগরওয়াল গতকাল সিপাহীজলা জেলার বিশালগড় ও সোনামুড়া মহকুমার স্ট্রং রুম ও কাউন্টিং হল পরিদর্শন করেছেন। তার সঙ্গে ছিলেন জেলার নির্বাচনী আধিকারিক তথা সিপাহীজলা জেলার জেলাশাসক নাগেশ কুমার বি, জেলার পুলিশ সুপার বি.জে রেড্ডি সহ জেলার অন্তর্গত ২টি মহকুমার ৭টি বিধানসভা কেন্দ্রের ARO-রা।